দৈনিক ইনকিলাব

MAR. 03 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সোনারগাঁয় স্যালভেশন স্কুলের ক্যাম্পিং

## শহর থেকে দূরে

ছোট্টমণিদের কি স্কুলের চার দেয়ালের ভেতর শুধু লেখাপড়া করতে ইচ্ছে করে? না। এর বাইরেও অনেক বিষয়েই তাদের রয়েছে আগ্রহ। গাছপালা, নদী, পুকুর থেকে শুরু করে নানা রঙের বাহারী প্রজাপতি কিভাবে উড়ে বেড়ায় তাও তো তাদের দেখতে ইচ্ছে করে। প্রকৃতি থেকেও তো জানা যায় অনেক, অ-নে-ক কিছু। ঢাকার অন্যতম ইংলিশ মিডিয়াম স্কুলে ছোট্ট সোনামণিদের এই আগ্রহের দিকে খেয়াল রেখেই আয়োজন করেছিল ক্যাম্পিং-এর। হয়েছিল শহরের কোলাহল, ধুয়ো, ধুলো, যানজট থেকে দূরে বাংলার প্রাচীন রাজধানী সোনারগাঁয়। গত ৩ ফেব্রুয়ারী ২০০২ তারিখে আয়োজিত এই ক্যাম্পিং শুধু বিনোদনের উদ্দেশ্যেই আয়োজন করা হয়নি, বরং প্রাকৃতিক পরিবেশে নিজ দেশ, দেশের ঐতিহ্যকে জানার পাশাপাশি সকলে মিলে একটু আনন্দ করাও উদ্দেশ্য।

সেদিন সোনারগাঁ লোকশিল্প জাদুঘরের পাশে তাঁবু ফেলে সুন্দর করে সাজানো হয়েছিল ক্যাম্পিং-এর স্থান। এতে স্কুলের প্লে-গ্রুপ, নার্সারী ও স্ট্যান্ডার্ড ওয়ান থেকে ফাইভ পর্যন্ত ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। তাদের অভিভাবকদেরও আমন্ত্রণ জানানো হয় সাদরে। স্কুলের প্রিন্সিপাল মোহাম্মদ ইয়াসিন-এর সার্বিক তত্ত্বাবধানে আয়োজিত ক্যাম্পিং প্রোগ্রামের প্রথম পর্বে ছাত্রছাত্রীরা প্রকৃতির সাথে পরিচিত হয়, জাদুঘর ঘুরে দেখে। তারপর দুপুরের খাবারের পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন ধরনের প্রতিযোগিতা।



অভিভাবকগণও এতে অংশ নেন। সবশেষে সন্ধ্যায় চমৎকার এক অভিজ্ঞতা নিয়ে, দেশজ পরিবেশে শেখার আনন্দ নিয়ে সবাই ফিরে আসে রাজধানী ঢাকায়।

❑ আহমদ আতিক